

এই শব্দগুলি

এই শব্দগুলি আপনি আপনি বেরিয়ে আসে কলম থেকে
তাতে কোনো ম্যাজিক নেই, তিনতাসের খেলা নেই
হাত সাফাইয়ের চমক পাওয়া যাবে না মোটেই
পাওয়া যাবে বুকের কাছে মেঘ, কিছু রৌদ্র
আর তার বিপন্নতাবোধ।

পোশাকি ভদ্রতা নয়, আপন বলে এদের ঘরে তোলা যায়
গোপনকথাও অনায়াসে বলা যায় এদের সঙ্গে
এই শব্দমালার কিছু নিজস্ব জায়গা আছে
আছে নিজস্ব আকাশ যেখানে তারা ফোটে
অন্ধকারে তাকালেই ওদের দেখা যায়
যৌনতা নেই, হৃদয়ের প্রকৃত ভালবাসা আছে ওদের
নিবিড় করে চাইলে পাওয়া যায়।

আমি বেছে বেছে এদের নিয়ে এসেছি
ঘুম থেকে তুলে এনে দাঁড় করিয়েছি জনপথে
অনেকদিন ওরা দাসশ্রমিকের মতো
হুকুম মেনে ঘাড় গুঁজে কাজ করেছে
ওদের শরীরে নানারকম উল্কি আর ক্ষতচিহ্ন
হাতকড়ার দাগ এখনও মোছেনি
শেকল ছিঁড়ে এখন ওরা দাঁড়িয়েছে সবার সামনে
ওদের দেখে থমকে দাঁড়িয়ে গেছে পথ চলতি মানুষ
মেঘও রৌদ্রের কেমন লুকোচুরি খেলা চলছে ওদের শরীরে
ওরা এখন মুক্ত।

কৃষ্ণ ধর

